দৈনিক জনকণ্ঠ 15

তারিখ DEC 26 1999
পৃষ্ঠা ... কলাম 8

# রাজধানীর সরকারী স্কুলে আজ থেকে ভর্তি পরীক্ষা

**জনকণ্ঠ রিপোর্ট** ॥ রাজধানীর ২৪টি সরকারী স্কুলে আজ রবিবার থেকে তিন দিনব্যাপী শতাব্দীর শেষ ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। প্রতিদিন ৮টি করে স্কুলের ভর্তি পরীক্ষা নেয়া হবে। শিক্ষাভবন সূত্র জানিয়েছে, ইতোমধ্যে ভর্তি পরীক্ষা গ্রহণের সম্পূর্ণ প্রস্তুতি নেয়া হয়েছে। এ বছর সরকারী স্কুলের সাত হাজার আসনের জন্য ৩৫ হাজারের বেশি ভর্তি ফরম বিক্রি

(১১ পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## রাজধানীর স [illegible]

(প্রথম পাতার পর)

হয়েছে। গড়ে প্রতিটি আসনে [illegible] আবেদন করলেও প্রকৃত চিত্র ভিন্ন [illegible] স্কুলেই প্রতিদ্বন্দ্বিতা সীমাবদ্ধ।

আজ অনুষ্ঠিত হবে গ্রুপ 'এ' ভুক্ত গভঃ ল্যাব [illegible] গাঁও মিরপুর উচ্চ বিদ্যালয়, মতিঝিল বালিকা বিদ্যা [illegible] উচ্চ বিদ্যালয়, নবাবপুর উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস স্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা।

আগামীকাল অনুষ্ঠিত হবে গ্রুপ 'বি' ভুক্ত মতিঝিল বালক উচ্চ বিদ্যালয় গভঃ মুসলিম স্কুল, বাংলাবাজার বালিকা বিদ্যালয়, শেরেবাংলা নগর বালক বিদ্যালয়, বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমণ্ডি বালিকা বিদ্যালয়, নারিন্দা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা। ২৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে গ্রুপ 'সি' ভুক্ত ধানমণ্ডি বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়, কলেজিয়েট স্কুল, কামরুন্নেসা বালিকা বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও বালিকা বিদ্যালয়, তেজগাঁও বালক উচ্চ বিদ্যালয় ও গণভবন উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা। প্রথম থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রেই উত্তর দিতে হবে। চতুর্থ থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা রচনামূলক। উত্তর পত্র স্কুল থেকে সরবরাহ করা হবে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ভর্তি পরীক্ষা হবে দু'টি বিষয়ে মোট ১০০ নম্বরের। বাংলায় ৫০ ও গণিতে ৫০। তৃতীয় থেকে নবম শ্রেণী পর্যন্ত পরীক্ষা হবে তিনটি বিষয়ে। মোট নম্বর ১০০, এরমধ্যে বাংলায় ৩০, ইংরেজীতে ৩০ ও গণিতে ৪০। প্রথম থেকে পঞ্চম শ্রেণীর ভর্তি পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১২টা, ষষ্ঠ থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা বেলা দেড়টা থেকে বিকাল সাড়ে ৩টা। ভর্তি পরীক্ষার পর তিনদিনের মধ্যে ফল প্রকাশ করা হবে।